গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.০০১.১৯- ১৫৯ তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্র, স্মারক নং- ৫১.০০.০০০০.২৪১.০৬.০৬৮.১৭- ৬৯১, তারিখঃ ৩০/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে বাস্তবায়নাধীন "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের আওতায় বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটি গঠন করা হয়। কমিটি গত ৩১/০৭/২০১৯ খ্রিঃ তারিখ প্রকল্পের সার্বিক বিষয়াদি নিয়ে আলোচনা সভা করেন।

০২। উক্ত কমিটির সভার সিদ্ধানের আলোকে প্রকল্পের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এমতাবস্থায় সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে এতদসাথ প্রেরণ করা হলো।

৩১/০৭/১৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

(দীপক রঞ্জন অধিকারী)
(যুগ্ম সচিব)
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প।
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
ফোনঃ ০২-৯৮৫৬৩৩৫

সিনিয়র সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। উপ-প্রধান (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কাপি।

অতিরিক্ত সচিব (পরিঃ ও উন্নয়ন) অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

যুগ্ম-সচিব (পরি ও উঃ)	অতি জরুরী
যুগ্ম-সচিব (বাজেট)	জরুরী
যুগ্ম-প্রধান (পরিকল্পনা)	উপস্থাপন করুন
উপ-সচিব (বাজেট)	জরুরী
উপ-প্রধান (পরিকল্পনা)	উপস্থাপন করুন
সিঃ সহঃ প্রধান-১/২/৩	আলোচনা করুন
সিস্টেম এনালিস্ট	নথিজাত করুন
সহকারী প্রকৌশলী	সংরক্ষণ করুন
ব্যক্তিগত কর্মকর্তা	

স্মারক ১০৯৯
তারিখঃ ০৫/৮/২০১৯

SAC-1
০৭/০৮/২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে, খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব মোঃ হারুন অর রশিদ মোল্লা
অতিরিক্ত সচিব
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

স্থানঃ পরিচালক (গবেষনা ও প্রশিক্ষণ) এর অফিস কক্ষ।

তারিখঃ ৩১/০৭/২০১৯খ্রিঃ, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত আছে।

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানান।

সভাপতি বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনার বিষয়ে বিস্তারিত উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জনাব দীপক রঞ্জন অধিকারী'কে অনুরোধ করেন।

০২। প্রকল্প পরিচালক জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" প্রকল্পটি ৩৩৪৭২৩.৭২ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৪ নভেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট দৈর্ঘ্য ৫২০৫.০ কিলোমিটার এবং সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হবে। ডিপিপি'তে সংস্থান অনুযায়ী নিম্ন বর্ণিত ভাবে বাস্তবায়ন করা হবে।

অর্থ বছর	রাস্তার দৈর্ঘ্য (কিলোমিটার)		মোট দৈর্ঘ্য (কিলোমিটার)	টাকার পরিমাণ
	সাধারন	থোক		
২০১৮-২০১৯	০.০০	০.০০	০.০০	০.০০
২০১৯-২০২০	২৪০২.৫০	২০০.০০	২৬০২.৫০	১৫০৮৩৮.৬০
২০২০-২০২১	১২০১.২৫	১০০.০০	১৩০১.২৫	৭৫৪১৯.৩০
২০২১-২০২২	১২০১.২৫	১০০.০০	১৩০১.২৫	৭৫৪১৯.৩০
সর্বমোট	৪৮০৫.০০	৪০০.০০	৫২০৫.০০	৩০১৬৭৭.১৯

০৩। প্রকল্পটির জানুয়ারী, ২০১৯ হতে কার্যক্রম শুরু হয়েছে। প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে ডিপিপিতে ২৬০২.৫ কি. মি. রাস্তা এইচবিবি করার সংস্থান আছে। তবে ২০১৯-২০২০ অর্থ বছরে ৪০০০০.০০ লক্ষ টাকা এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত বরাদ্দ অপ্রতুলতার থাকায় অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সাথে সভার মাধ্যমে ইতোমধ্যে স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.০০১.১৯- ১২৮, তারিখঃ ২৫/০৭/২০১৯ খ্রিঃ নিম্নোক্ত ভাবে বরাদ্দ প্রদানের জন্য প্রশাসনিক অনুমোদনের পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

অর্থ বছর	রাস্তার দৈর্ঘ্য (কিলোমিটার)		মোট দৈর্ঘ্য (কিলোমিটার)	সম্ভাব্য টাকার পরিমাণ (লক্ষ টাকা)
	সাধারণ	থোক		
২০১৯-২০২০	১৬৫২.০	২০০.০	১৮৫২.০	১০৭৩৪০.৩০
২০২০-২০২১	১৫৭৬.৫	১০০.০	১৬৭৬.৫	৯৭১৬৮.৪৫
২০২১-২০২২	১৫৭৬.৫	১০০.০	১৬৭৬.৫	৯৭১৬৮.৪৫
মোট=	৪৮০৫.০	৪০০.০	৫২০৫.০	৩০১৬৭৭.২০

০৪। প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্তিসহ সার্বিক বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরে ১৮৫২.০ কি. মি. রাস্তা হেরিং বোন বন্ড করণ সম্ভাব্য (রাজস্ব ৬৭৩.০০ + মূলধন ১০৭৩৪০.৩০)= ১০৮০১৩.৩০ লক্ষ টাকা প্রয়োজন। সুতরাং চলতি অর্থ বছরের এডিপি বরাদ্দ ব্যতীরেকে অতিরিক্ত (১০৮০১৩.৩০ - ৪০০০০.০০)= ৬৮০১৩.৩০ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজন হবে।

০৫। এছাড়া প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত কমিটির সকল সদস্যদের মতামতের ভিত্তিতে ইতোপূর্বের বার্ষিক কর্মপরিকল্পনা আংশিক পরিবর্তনের জন্য প্রস্তাব করা হয়। বর্ণিতাবস্থায়, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটির সকলের সম্মতিতে নিম্ন বর্ণিত ভাবে সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশ করেন।

<u>সিদ্ধান্ত/ সুপারিশঃ</u>

০১। প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ১৮৫২.০০ কিলোমিটার রাস্তা এইচবিবি করণ নিমিত্তে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;

০২। প্রকল্প কাজের বাস্তবায়ন গুরুত্বপূর্ণ বিবেচনায় চলতি অর্থ বছরে ADP' তে ৪০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ব্যতীরেকে RADP' তে অতিরিক্ত (১০৮০১৩.৩০ - ৪০০০০.০০)= ৬৮০১৩.৩০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার জন্য মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে;

০৩। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে ২০১৯-২০২০ অর্থ বছরে ডিপিপি অনুসারে নির্ধারিত অবশিষ্ট (২৬০২.৫০ – ১৮৫২.৫০)= ৭৫০.৫০ কিলোমিটার রাস্তা এইচবিবি করনের জন্য পুনঃরায় দরপত্র আহ্বান করা যেতে পারে;

০৪। প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ যাবতীয় কাযক্রম আগামী নভেম্বর, ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে;

০৫। প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পায় চুড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও বিল পরিশোধের বিষয়টি পূর্বের মে, ২০২০ এ পরিবর্তে এপ্রিল, ২০২০ ও প্রকল্পের পিইসি সভা আগামী ৩১/০১/২০২০ এর পরিবর্তে ৩১/১২/২০১৯ তারিখ এবং ৩০/০৪/২০২০ এর পরিবর্তে ৩১/০৩/২০২০ তারিখ সংশোধন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৭/১৯

(মোঃ হারুন অর রশিদ মোল্লা)
অতিরিক্ত সচিব
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ও
আহ্বায়ক
প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন
ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা ও সদস্য, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

৪। উপ-প্রধান (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান, উপ-সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

৬। জনাব মোঃ মাকসুদুর রহমান, সিনিয়র সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

৭। জনাব মোঃ আবুর মতিন সরকার, উপ-প্রকল্প পরিচালক, বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)' প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা ও সদস্য, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

৮। জনাব মোঃ আলতাফ হোসেন, উপ-প্রকল্প পরিচালক, কম-বেশি ১৫ মিটার সেতু/ কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়)' প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা ও সদস্য, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

৯। অফিস কপি।

বার্ষিক কর্মপরিকল্পনাঃ ২০১৯-২০২০

সেক্টরঃ কৃষি
সাব-সেক্টরঃ খাদ্য ও সাব মনিটরিং
মন্ত্রলালয়/ বিভাগঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থাঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রকল্পের নামঃ 'গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
মেয়াদকালঃ জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত
অনুমোদনের পর্যায়ঃ অনুমোদিত।

ক্রঃ নং	২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়িতব্য কর্মকান্ড	জুলাই ২০১৯	আগষ্ট ২০১৯	সেপ্টে ২০১৯	অক্টো ২০১৯	নভে ২০১৯	ডিসে ২০১৯	জানু ২০২০	ফেব্রু ২০২০	মার্চ ২০২০	এপ্রিল ২০২০	মে ২০২০	জুন ২০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
০১	এডিপিতে প্রাপ্ত বরাদ্দ বিভাজন ও প্রকল্পের অর্থ ছাড়	১ম কিস্তি (৩০.০৭.২০১৯) →			২য় কিস্তি (৩০.১০.২০১৯) →			৩য় কিস্তি (৩১.০১.২০২০) →			৪র্থ কিস্তি (৩০.০৪.২০২০) →		
০২	দরপত্র আহ্বান (১৮৫২ কি.মি.)		১৪.০৮.২০১৯ →										
০৩	দরপত্র বিক্রয়, দাখিল ও খোলা।			১৫.০৯.২০১৯ →									
০৪	দরপত্র মূল্যায়ন, ঠিকাদার বাছাই, কার্যাদেশ অনুমোদন ও প্রদান				১৫.১০.২০১৯ →								
০৫	কাজের অগ্রগতি					২০%	৪০%	৬০%	৮০%	১০০%			
						(৩০-১০-২০১৯ হতে ৩০-০৪-২০২০) →							
০৬	বৈদেশিক প্রশিক্ষণ (২২ জন)					১৫.১১.২০১৯ →							
০৭	প্রকল্পের চুড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও বিল প্রদান।										৩০.০৪.২০২০ →		
০৮	পিআইসি সভা আহবান।			৩০.০৯.২০১৯ →			৩১.১২.২০১৯ →			৩১.০৩.২০২০ →			
০৯	প্রকল্প উপদেষ্টা কমিটির সভা আহ্বান				৩০.১০.২০১৯ →							৩০.০৫.২০২০ →	

(মোহাম্মদ আওলাদ হোসেন)
সহকারী প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

(দীপক রঞ্জন অধিকারী)
যুগ্ম-সচিব
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

(মোঃ-হারুন অর রশিদ মোল্লা)
অতিরিক্ত সচিব
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ও
আহবায়ক
প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও
পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

এক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন ও পরিমার্জনপূর্বক সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটির সভায় উপস্থিতি হাজিরাঃ

সভাপতিঃ জনাব মোঃ হারুন অর রশিদ মোল্লা
অতিরিক্ত সচিব
পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
ও
আহ্বায়ক
প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা সংশোধন
ও পরিমার্জনপূর্বক সংশোধন কমিটি।

স্থানঃ পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) এর অফিস কক্ষ।
তারিখঃ ৩১/০৭/২০১৯খ্রিঃ, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	প্রতিষ্ঠান ও মোবাইল নম্বর	স্বাক্ষর
১	২	৩	৪
০১.	জনাব দীপক রঞ্জন অধিকারী প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)	'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প দুযোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মোবাইলঃ ০১৭১৮ ৬৮৬১৬৬	স্বাক্ষরিত/-
০২.	জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান উপ সচিব	দুযোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মোবাইলঃ ০১৯১৪ ১৫৩১১৭	
০৩.	জনাব মোঃ মাকসুদুর রহমান সিনিয়র সহকারী সচিব	দুযোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মোবাইলঃ ০১৭১১ ৪০৯৮৮৮	
০৪.	জনাব মোঃ আব্দুল মতিন সরকার উপ-প্রকল্প পরিচালক	বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মোবাইলঃ ০১৭১১ ৩৭২৭৪৯	স্বাক্ষরিত/-
০৫.	জনাব মোঃ আলতাফ হোসেন উপ-প্রকল্প পরিচালক	১৫. মিটার ব্রীজ/ কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মোবাইলঃ ০১৭১২ ১২৫১৬০	স্বাক্ষরিত/-

কর্মপরিকল্পনা (২০১৯-২০২০ অর্থ বছর)

বাস্তবায়নকারী মন্ত্রণালয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
প্রকল্পের নামঃ 'গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)
প্রকল্প মেয়াদ কালঃ জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত।

ক্রমিক নং	কর্মসূচীর নাম	অনতিবিলম্বে (০১ মাসে) সমাপ্য	স্বল্প মেয়াদে (০৩ মাসে) সমাপ্য	মধ্য মেয়াদে (০৬ মাসে) সমাপ্য	দীর্ঘ
০১	"গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" প্রকল্প	১। এডিপিতে প্রাপ্ত বরাদ্দ বিভাজন ও প্রকল্পের ১ম কিস্তির অর্থ ছাড়। ২। কেন্দ্রীয়ভাবে দরপত্র আহ্বান।	১। দরপত্র বিক্রয়, দাখিল ও খোলা। ২। দরপত্র মূল্যায়ন, ঠিকাদার বাছাই, কার্যাদেশ অনুমোদন ও প্রদান। ৩। প্রকল্পের কাজ শুরু, মাঠ পর্যায়ে প্রকল্প কাজ মনিটরিং, কার্যাদেশ মূল্যের ২০% অর্থ ছাড়, অত্র অর্থ বছরে প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত করণ। ৪। পিআইসি সভা আহবান।	১। এডিপিতে প্রাপ্ত বরাদ্দ বিভাজন ও প্রকল্পের ২য় ও ৩য় কিস্তির অর্থ ছাড়। ২। প্রকল্পের কাজ শুরু, মাঠ পর্যায়ে প্রকল্প কাজ মনিটরিং, কার্যাদেশ মূল্যের ৫০% অর্থ ছাড়, অত্র অর্থ বছরে প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত করণ। ৩। পিআইসি সভা আহবান। ৪। উপদেষ্টা কমিটির সভা আহবান।	১। এডিপিতে প্রাপ্ত ও প্রকল্পের ৪র্থ কিস্তির ২। অত্র অর্থ বছরে প্রকল্পের ১০০% সমাপ্ত, চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও অর্থছাড়, বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে রাস্তা এইচবিবি করণ সমাপ্ত এবং সমাপ্ত প্রতিবেদন দাখিল।

(মোহাম্মদ আওলাদ হোসেন)
সহকারী প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

(দীপক রঞ্জন অধিকারী)
যুগ্ম-সচিব
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর